

২০২৪

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ (GE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGG-GE-T-1

(নাটকের রূপভেদ, রঙ্গমঞ্চ ও নাটক)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) ট্রাজেডি শব্দটির উৎস নির্দেশ করো। কোন দেশে ট্রাজেডি নাটকের উদ্ভব হয়?
- খ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি কমেডি নাটকের নাম লেখো।
- গ) পৌরাণিক নাটকের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।
- ঙ) কে কবে বেঙ্গলী থিয়েটার প্রতিষ্ঠা করেন?
- চ) বাগবাজার অ্যামেচার থিয়েটার পরবর্তীকালে কী নামে রূপান্তরিত হয়?
- ছ) ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়? এই থিয়েটারে প্রথম অভিনীত নাটক কোনটি?
- জ) জোড়াসাঁকো নাট্যশালায় অভিনীত 'অলীকবাবু' নাটকটির রচয়িতা কে? নাটকটি কবে প্রকাশিত হয়?
- ঝ) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি কত সালে কী ছদ্মনামে প্রকাশিত হয়?

[পরপৃষ্ঠায়]

- এও) 'নীলদর্পণ' নাটকের প্রভাবে রচিত আরও দুটি বাংলা নাটকের নাম লেখো।
- ট) 'নীলদর্পণ' নাটকটি কবে কোথায় প্রথম অভিনীত হয়?
- ঠ) গোলক বসু ও নবীন মাধবের স্ত্রীর নাম লেখো।
- ড) কী নামে কত সালে 'রথের রশি' নাটকটি প্রথম প্রকাশিত হয়?
- ঢ) "ওই যে, পথের বুক জুড়ে পড়ে আছে তার অসাড় দড়িটা।" কার উক্তি? 'অসাড় দড়িটা' আসলে কী?
- ণ) "... পুরুতের হাতে চলল না রথ, রাজার হাতে না — মানে বুঝলে কিছু? — কে কাকে উদ্দেশ্য করে এ কথা বলেছে?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা ভাষায় রচিত একটি সার্থক ঐতিহাসিক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করো।
- খ) একটি সার্থক একাঙ্ক নাটক আলোচনা করে এ জাতীয় নাটকের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।
- গ) নবীন বসুর থিয়েটারের অভিনবত্বগুলি আলোচনা করো।
- ঘ) 'নীলদর্পণ' নাটকের তোরাপ চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঙ) 'নীলদর্পণ' নাটকের ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ করো।
- চ) 'রথের রশি' নাটকের মূল বিষয় সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) একটি সার্থক সামাজিক নাটক আলোচনা করে এই জাতীয় নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- খ) বাংলা নাট্যশালার ইতিহাসে জোড়াসাঁকো নাট্যশালার গুরুত্ব বিচার করো।
- গ) 'নীলদর্পণ' নাটকের নবীন মাধব চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঘ) 'রথের রশি' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।